

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**  
**বাংলাদেশ ইউনিস্কো জাতীয় কমিশন (বিএনসিইউ)**  
**মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ**  
**শিক্ষা মন্ত্রণালয়**

**বিষয়ঃ উত্তাবনী ধারণা বা উদ্যোগ কার্যক্রমের বাস্তবায়ন ও অগ্রগতি সংক্রান্ত সভার কার্যবিবরণী।**

সভাপতিঃ জনাব মোঃ সোহেল ইমাম খান, ডেপুটি সেক্রেটারি জেনারেল, বিএনসিইউ।

তারিখঃ ১৮ অক্টোবর ২০২০ খ্রি।

সময়ঃ সকাল ১১:০০ মিনিট।

স্থানঃ সভাকক্ষ, বিএনসিইউ

উপস্থিতিঃ তালিকা (পরিশিষ্ট - ক)

১। সভাপতি মহোদয় সভার শুরুতে উপস্থিত ইনোভেশন টিমের কর্মকর্তাবৃন্দকে স্বাগত জানিয়ে সভা আরম্ভ করেন। সম্মানিত সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে জনাব ফারহানা ইয়াসমিন জাহান, সিনিয়র প্রোগ্রাম অফিসার গত ১১ অক্টোবর ২০২০ খ্রি. অনুষ্ঠিত সভার সিদ্ধান্তক্রমে দুইটি উত্তাবনী ধারণার খসড়া প্রতিবেদন উপস্থিত ইনোভেশন দলসহ সভাপতি মহোদয়ের নিকট উপস্থাপন করেন।

২। উপস্থাপিত দুইটি ধারণা সভাপতি মহোদয় কর্তৃক প্রশংসিত হয়। সভাপতি মহোদয় উপস্থিত সদস্যবৃন্দের জ্ঞাতার্থে তার মূল্যবান মতামত প্রদান করেন। সভাপতি মহোদয়ের মতামতের প্রেক্ষিতে প্রস্তাবিত প্রতিবেদন চূড়ান্ত করা হয়। উক্ত প্রতিবেদন ২২ অক্টোবর ২০২০ খ্রি. তারিখে মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিতকরণে নির্দেশনা প্রদান করা হয়। সহাস্য সেবার (Smiling Service) চলমান প্রক্রিয়া যাতে সঠিকভাবে চর্চা করা হয় এ বিষয়ে ডেপুটি সেক্রেটারি জেনারেল মহোদয় সকলকে সচেষ্ট থাকার নির্দেশনা প্রদান করেন।

৩। সভায় উল্লেখ করা হয় বাংলাদেশ ইউনিস্কো জাতীয় কমিশনে বিভিন্ন সময়ের মূল্যবান কিছু জিনিস সংগ্রহে রয়েছে যা ঐতিহাসিক মর্যাদা বিচারে সংরক্ষণ করার প্রয়োজন। “Showcasing Heritages-Bangladesh” অথবা “ঐতিহ্যে বাংলাদেশ” শিরোনামে প্রস্তাবিত উত্তাবনী ধারণার অধীনে আরো উল্লেখ করা হয় যে, ইউনিস্কোর বিশ্ব ঐতিহ্যে বাংলাদেশের অতর্ভুতির ক্ষেত্রে বিএনসিইউ’র অনন্য অবদানসহ বাংলাদেশের সংস্কৃতি এবং ঐতিহ্যকে অংশীজন ও পরবর্তী প্রজন্মের মাঝে তুলে ধরার জন্য বিশ্ব ঐতিহ্যগুলোকে নিয়ে

২

৩

উত্তীর্ণ প্রক্রিয়ায় প্রদর্শনীর জন্য উদ্যোগ গ্রহণ করা প্রয়োজন। এখন পর্যন্ত অপরিমেয় সাংস্কৃতিক ঐতিহ্য, / সাংস্কৃতিক বিশ্ব ঐতিহ্য, / প্রাকৃতিক বিশ্ব ঐতিহ্য এবং / প্রামাণ্য ঐতিহ্যে বাংলাদেশের সর্বমোট ৮টি বিষয় অন্তর্ভুক্ত হয়েছে।

৪। “Showcasing Heritages-Bangladesh” অথবা “ঐতিহ্যে বাংলাদেশ” শিরোনামে বিএনসিইউ অফিস প্রাঙ্গণে একটি নির্দিষ্ট প্রদর্শনী কর্তৃর স্থাপন এবং বিএনসিইউ ওয়েবসাইটে ভার্চুয়ালি প্রদর্শনী করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। এ ছাড়াও বিএনসিইউ’র পুরো অফিসব্যাপী প্রদর্শনীর অংশ হিসেবে বিভিন্ন মিডিয়ায় প্রদর্শনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

৫। ইনোভেশন দলকে দুটতম সময়ে উত্তীর্ণ ধারণাগুলোর বাস্তবায়ন ও উন্নয়নে সভাপতি মহোদয় নির্দেশনা প্রদান করেন।

৬। সভায় আর কোন আলোচনাসূচী না থাকায় সভাপতি মহোদয় উক্ত সভার সমষ্টি ঘোষণা করেন।

মোঃ সোহেল ইমাম খান  
ডেপুটি সেক্রেটারি জেনারেল  
বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন